

## সীমিত

৩। মৎস্য সম্পদ রক্ষা অভিযান। মৎস্য সম্পদ রক্ষা অভিযানে জুলাই ২০১৭ মাসে সর্বমোট ৮১৯ কোটি ৯৯ লক্ষ ৪৬ হাজার ৬৫০ টাকার ৬০,২৫,১৪,০০০ মিটার কারেন্ট জাল, ৯৭২ পিস বেহন্দি/ মশারি জাল, ৩৫,৫০,৮১০ মিটার অন্যান্য জাল, ৬০০ কেজি জাটকা, ৩৮,২৫,৩২০ পিস রেনু পোনা আটক করা হয়।

৪। সার্চ এন্ড রেসকিউ অভিযান। গত ২৩ জুলাই ২০১৭ কক্ষবাজার জেলার টেকনাফের গোলার চর এলাকার ০১ নং বয়ার কাছে একটি ছোট কাঠের বোট ০৩ জন জেলেকে নিয়ে আনুমানিক ০০৩০ ঘটিকায় ডুবে যায়। ঘটনার সংবাদ পেয়ে কোস্ট গার্ড বাহিনীর আউটপোস্ট শাহপুরী হতে উদ্ধার অভিযানের জন্য ০১ টি উদ্ধারকারী দল ঘটনাস্থলে প্রেরণ করা হয়। কোস্ট গার্ড বাহিনীর আউটপোস্ট শাহপুরী কর্তৃক ০১ জন জেলেকে অচেতন অবস্থায় ০৭০০ ঘটিকায় উদ্ধার করা হয়। উক্ত জেলেকে উদ্ধার করে প্রাথমিক চিকিৎসা দেওয়ার পর তার জ্ঞান ফিরে আসলে স্থানীয় মেস্বারের সহযোগিতায় উদ্ধারকৃত জেলেকে নিকটস্থ হাসপাতালে চিকিৎসার জন্য প্রেরণ করা হয়। পরবর্তীতে নিখোঁজ ০২ জন জেলেকে উদ্ধারের জন্য সিজি স্টেশন টেকনাফের একটি টিম মেটল শার্ক বোটযোগে এবং শাহপুরীর ইঞ্জিনচালিত কাঠের নৌকা দিয়ে ঘটনাস্থলে উদ্ধার অভিযান পরিচালনা করে। ২৪ ও ২৬ জুলাই ২০১৭ সিজি আউপোস্ট শাহপুরী কর্তৃক কক্ষবাজার জেলার টেকনাফের গোল্লার চর ও শাহপুরী জেটি স্টার্ট এর কাছে বিজিবি ক্যাম্প এলাকা হতে মোট ০২ টি মৃতদেহ উদ্ধার করা হয়। উল্লেখ্য যে, স্থানীয় লোকজনের মাধ্যমে প্রাণ সংবাদের ভিত্তিতে, গত ২৪ জুলাই ২০১৭ তারিখে নাফ নদীতে টেকনাফের সীমান্তে ডুবে যাওয়া অন্য একটি বোটের ০১ জন মাঝির মৃতদেহ উদ্ধার করা হয়। মৃতদেহ দুইটিকে পরবর্তীতে টেকনাফ থানায় হস্তান্তর করা হয়।

৫। বিপন্ন জেলে উদ্ধার অভিযান। গত ০১ জুলাই ২০১৭ তারিখে ০৯০০ ঘটিকা হতে ১৩০০ ঘটিকা পর্যন্ত মোংলা থানার মরাপশুর ফরেস্ট খাল স্থানে সিজি স্টেশন হারবারিয়া বিশেষ অভিযান চালিয়ে ১০০০ ঘটিকায় ০৩ জন বিপন্ন জেলেকে উদ্ধার করা হয়। উদ্ধারকৃত বিপন্ন জেলেদেরকে চিলা ইউপি মেস্বারের নিকট হস্তান্তর করা হয় এবং গত ২১ জুলাই ২০১৭ তারিখ ০০৩০ ঘটিকায় জাল তোলার সময় চর গজারিয়া এবং চালুর চর এর মাঝামাঝি স্থান হতে ডাকাতরা মোঃ ইউনুস মাঝি এবং মোঃ আব্দুল লতিফ মাঝিকে তাদের ট্রিলারসহ অপহরণ করে মাঝিদের ট্রিলারের পাটাটনের নিচে লুকিয়ে রেখে মুক্তিপণ দাবী করে। এমন সংবাদ পেয়ে উক্ত ট্রিলারের মালিক কোস্ট গার্ড বাহিনীর নিকট সহায়তা চায়। কোস্ট গার্ড বাহিনী দক্ষিণ জেন হতে পাঞ্চ তথ্যের ভিত্তিতে জরুরিভিত্তিতে উক্ত জোনের সিজি বেইস ভোলা এবং সিজি আউটপোস্ট তজুমুদ্দিনের সমষ্টিয়ে যৌথ অভিযান পরিচালনার নির্দেশনা প্রদান করা হয়। এপ্রেক্ষিতে সিজি বেইস ভোলা এবং সিজি আউটপোস্ট তজুমুদ্দিন ১২৫০ ঘটিকা হতে ২১১৫ ঘটিকা পর্যন্ত উদ্ধার অভিযান পরিচালনা করে। অভিযানের এক পর্যায়ে আনুমানিক ১৮৩০ ঘটিকায় সিজি টহল টিম সন্দেহজনক গতিবিধির একটি ট্রিলারকে চ্যালেঞ্জ করলে অপহরণকারীরা কোস্ট গার্ড বাহিনীর সদস্যদের উপস্থিতি বুঝতে পেরে চর গজারিয়ার পার্শ্ববর্তী এলাকায় অপহরণকৃত মাঝি এবং ট্রিলার ফেলে পালিয়ে যায়। পরবর্তীতে উদ্ধারকৃত জেলে স্থানীয় জনপ্রতিনিধি এবং ট্রিলারটি মালিকের নিকট হস্তান্তর করা হয়।

৬। বিশেষ অভিযান। গত ০৬ জুলাই ২০১৭ তারিখে সিজি স্টেশন সুপতি শরনখোলা থানার কাতলার খাল নামক স্থান হতে ৮০ কেজি হরিণের মাংস, ০২ টি হরিণের মাথা, ০১ টি হরিণের চামড়া ও ০১ টি দেশীয় বোট আটক করা হয়। অতপর প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণের জন্য সুপতি ফরেস্ট অফিসে হস্তান্তর করা হয়।

৭। অবৈধভাবে সমুদ্রসীমা অতিক্রমকারী বিদেশী নাগরিক/ মৎসজীবীদের পরিসংখ্যান। জুলাই ২০১৭ মাসে বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী কর্তৃক অবৈধভাবে সমুদ্রসীমা অতিক্রমকারী বিদেশী নাগরিক/ মৎসজীবী আটক করা হয় নাই।

FGBU  
ACI

সীমিত